

# আনসার ব্যাটালিয়ন আইন, ২০২৩


জাকির উদ্দিন আহাম্মদ

অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট



রহিম ল' বুক হাউস

## সূচিপত্র

### আনসার ব্যাটালিয়ন আইন, ২০২৩


১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন ১৫
২। সংজ্ঞা ১৫
৩। আইনের প্রাধান্য ১৬
৪। আনসার ব্যাটালিয়ন গঠন ১৭
৫। আনসার ব্যাটালিয়ন সদর দপ্তর ও দপ্তর ১৭
৬। আনসার ব্যাটালিয়নের নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান ও পরিচালনা ১৭
৭। আনসার ব্যাটালিয়নের দায়িত্ব ও কার্যাবলি ১৭
৮। ব্যাটালিয়ন সদস্যের এখতিয়ার ও ক্ষমতা ১৮
৯। অস্ত্র ও গোলাবারুদ বহন ১৯
১০। কর্তৃপক্ষের আদেশ পালনে বাধ্যবাধকতা ১৯
১১। মহাপরিচালক ১৯
১২। মহাপরিচালক কর্তৃক ক্ষমতা অর্পণ ১৯
১৩। আনসার ব্যাটালিয়নের সদস্য ও জনবল ১৯
১৪। সংগঠন, মিডিয়া, সংবাদপত্র বা ব্যবসায় অংশগ্রহণের সীমাবদ্ধতা ১৯
১৫। শৃঙ্খলা ও আচরণ ২০
১৬। বিভাগীয় কার্যধারা ২০
১৭। বিভাগীয় কার্যধারায় আরোপযোগ্য দন্ড ২২
১৮। বিভাগীয় কার্যধারায় প্রদত্ত আদেশের বিরুদ্ধে আপিল ২৩
১৯। আনসার ব্যাটালিয়ন আদালত গঠন ২৩
২০। সংক্ষিপ্ত আনসার ব্যাটালিয়ন আদালতে বিচার্য অপরাধ ও দন্ড ২৪
২১। বিশেষ আনসার ব্যাটালিয়ন আদালতে বিচার্য অপরাধ ও দন্ড ২৬
২২। অপরাধ সংঘটনের সম্ভাবনার ক্ষেত্রে আটক ২৭
২৩। দন্ডাদেশের বিরুদ্ধে আপিল ২৭
২৪। আনসার ব্যাটালিয়ন আপিল আদালত গঠন ২৮
২৫। আনসার ব্যাটালিয়ন আদালত ও বিচার পদ্ধতি ২৯
বিশ্লেষণ ২৯
২৬। আদালতের এখতিয়ার বারিত ৩৭

২৭। দন্ড কার্যকরকরণ ৩৭
২৮। ব্যাটালিয়ন সদস্য কর্তৃক সংঘটিত অন্যান্য অপরাধ ৩৭
২৯। পলাতক ব্যাটালিয়ন সদস্যের গ্রেপ্তার ৩৭
৩০। বিধি প্রণয়নের ক্ষমতা ৩৭
৩১। প্রবিধান প্রণয়নের ক্ষমতা ৩৮
৩২। তপশিল সংশোধনের ক্ষমতা ৩৮
৩৩। রহিতকরণ ও হেফাজত ৩৮
৩৪। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ ৩৯

তপশিল-১

আনসার ব্যাটালিয়নের পোশাকধারী ও পোশাক বহির্ভূত ব্যাটালিয়ন সদস্যের পদ

তফসিল-২ ৪০

পরোয়ানা ১০

**বিলুপ্তকৃত ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫**

১। সংক্ষিপ্ত শিরোনামা ৪১
২। সংজ্ঞা ৪১
৩। ব্যাটালিয়ন আনসার গঠন ৪১
৪। তত্ত্বাবধান ও পরিচালনা ৪১
৫। কর্মকর্তা, কর্মচারী ইত্যাদি ৪১
৬। ব্যাটালিয়ন আনসার অংগীভূতকরণ ৪২
৬ক। অংগীভূত ব্যাটালিয়ন আনসারদের চাকুরীতে স্থায়ীকরণ ৪২
৭। ব্যাটালিয়ন আনসারের পদ, ইত্যাদি ৪২
৮। ব্যাটালিয়ন আনসারের দায়িত্ব, ইত্যাদি ৪৩
৯। অস্ত্র ও গোলাবারুদ বহন ৪৩
১০। আদেশ পালনে বাধ্যবাধকতা ৪৩
১১। অপরাধ ও দণ্ড ৪৩
১২। অপরাধের বিচার ৪৫
১৩। আদালত গঠন, ইত্যাদি ৪৫
১৪। আদালতসমূহের কার্যবিধি ৪৫
১৫। শৃংখলামূলক ব্যবস্থা ৪৫

১৬। আপীল ৪৬

১৭। ব্যাটালিয়ন আনসার সদস্যের গ্রেপ্তার ৪৬

১৮। ক্ষমতা অর্পণ ৪৭

১৯। বিধি প্রণয়নের ক্ষমতা ৪৭

২০। প্রবিধান প্রণয়নের ক্ষমতা ৪৭

২১। রহিতকরণ ও হেফাজত ৪৭

**তফসিল** ৪৮

**আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫**

১। সংক্ষিপ্ত শিরোনামা ও প্রয়োগ ৪৯

২। সংজ্ঞা ৪৯

৩। আইনের প্রাধান্য ৫০

৪। আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক প্রতিষ্ঠা, ইত্যাদি ৫০

৫। ব্যাংকের প্রধান কার্যালয়, ইত্যাদি ৫০

৬। অনুমোদিত মূলধন ৫১

৭। পরিশোধিত মূলধন ৫১

৮। পরিচালনা ও প্রশাসন ৫১

৯। বোর্ড ৫২

১০। চেয়ারম্যান ৫২

১১। ব্যবস্থাপনা পরিচালক ৫৩

১২ পরিচালকের দায়িত্ব ৫৩

১৩। পদত্যাগ ৫৩

১৪। সভা ৫৩

১৫। কমিটি ৫৪

১৬। ব্যাংকের কার্যাবলী ৫৪

১৭। বণ্ড এবং ঋণপত্র ৫৫

১৮। হিসাব-নিকাশ ৫৫

১৯। নিরীক্ষা ৫৫

২০। প্রতিবেদন ৫৬

২১। সংরক্ষিত তহবিল ৫৬

২২। লভ্যাংশ বিলি-বন্টন ৫৬
২৩। কর্মকর্তা ও অন্যান্য কর্মচারী নিয়োগ ৫৬
২৪। ব্যাংকের পাওনা আদায় ৫৬
২৫। ক্ষমতা অর্পণ ৫৭
২৬। শাস্তি ইত্যাদি ৫৭
২৭। অপরাধ বিচারার্থ গ্রহণ ৫৭
২৮। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ ৫৭
২৯। আনুগত্য ও গোপনীয়তা ৫৮
৩০। ব্যাংকের অবসায়ন ৫৮
৩১। বিধি প্রণয়নের ক্ষমতা ৫৮
৩২। প্রবিধান প্রণয়নের ক্ষমতা ৫৮

## আনসার বাহিনী আইন, ১৯৯৫

১। সংক্ষিপ্ত শিরোনামা ৫৯
২। সংজ্ঞা ৫৯
৩। আনসার বাহিনী গঠন ৫৯
মহামান্য উচ্চ আদালতের নজিরসমূহ ৫৯
৪। তত্বাবধান ও পরিচালনা ৬০
৫। কর্মকর্তা, কর্মচারী ইত্যাদি ৬০
৬। বাহিনীর শ্রেণীবিভাগ, ইত্যাদি ৬০
মহামান্য উচ্চ আদালতের নজিরসমূহ ৬১
৭। বাহিনীর পদ ৬২
৮। আনসার ইউনিট গঠন ৬২
৯। বাহিনীর দায়িত্ব, ইত্যাদি ৬২
১০। অস্ত্র ও গোলাবারুদ বহন ৬৩
১১। আদেশ পালনে বাধ্যবাধকতা ৬৩
১২। ক্ষমতা অর্পণ ৬৩
১৩। বিধি প্রণয়নের ক্ষমতা ৬৩
১৪। প্রবিধান প্রণয়নের ক্ষমতা

১৫। রহিতকরণ ও হেফাজত

## আনসার বাহিনী প্রবিধানমালা, ১৯৯৬

১। সংক্ষিপ্ত শিরোনামা ৬৫
২। সাধারণ আনসার তালিকাভুক্তকরণ ৬৫
৩। প্রশিক্ষণ ৬৬
৪। প্রশিক্ষণকালীন সুবিধাদি ৬৭
৫। অঙ্গীভুত আনসার ৬৮
৬। অঙ্গীভুত আনসারের পোশাক ৬৮
৭। ক্যাপের ব্যাজ ৬৯
৮। র‍্যাংকের ব্যাজ ৬৯
৯। চারজনের কম সংখ্যক আনসার মোতায়েন নিষিদ্ধ ৬৯
১০। অ-অঙ্গীভুতকরণ ৬৯
তফসিল-'ক'
আনসার প্রশিক্ষণ সনদ ৭০
তফসিল-'খ'
অঙ্গীভুতির বিবরণ ৭১
তফসিল-'গ'
প্রশিক্ষণ সনদপ্রাপ্ত আনসারগণের তালিকাভুক্তির ফরম ৭১

## আনসার বাহিনীর কর্মকর্তাদের পোষাক বিধিমালা, ২০০৪

১। সংক্ষিপ্ত শিরোনাম ৭২
২। বিধিমালার প্রাধান্য ৭২
৩। আনসার বাহিনীর কর্মকর্তাদের পোশাক ৭২
৪। বিভিন্ন ক্যাপের ব্যাজ ৭৩
৫। বিভিন্ন কর্মকর্তার জর্জেট প্যাচ ৭৭
৬। বিভিন্ন কর্মকর্তার কোশেস (Coshes) ও রেজিমেন্টাল স্টীক (Regimental Stick) ৭৮
৭। বিভিন্ন র‍্যাংকের ব্যাজ ৭৮
৮। আনুষ্ঠানিক পোষাক ৮০
[৯। মেস্ কিট (Mess Kit) ৮২

## গ্রাম প্রতিরক্ষা দল আইন, ১৯৯৫

১। সংক্ষিপ্ত শিরোনামা ৮৪
২। সংজ্ঞা ৮৪
৩। গ্রাম প্রতিরক্ষা দল গঠন ৮৪
৪। তত্ত্বাবধান ও পরিচালনা ৮৪
৫। কর্মকর্তা ও কর্মচারী, ইত্যাদি ৮৫
৬। গ্রাম প্রতিরক্ষা দলের সদস্যদের তালিকাভুক্তি ৮৫
৭। গ্রাম প্রতিরক্ষা দলের পদ ৮৫
৮। গ্রাম প্রতিরক্ষা দলের দায়িত্ব, ইত্যাদি ৮৫
৯। আদেশ পালনে বাধ্যবাধকতা ৮৬
১০। বিধি প্রণয়নের ক্ষমতা ৮৬
১১। প্রবিধান প্রণয়নের ক্ষমতা ৮৬
১২। রহিতকরণ ও হেফাজত ৮৬

## ব্যাটালিয়ান আনসার প্রবিধানমালা, ১৯৯৬

১। সংক্ষিপ্ত শিরনামা ৮৭
২। সংজ্ঞা ৮৭
৩। ব্যাটালিয়ান আনসার অঙ্গীভূতকরণ ৮৭
৪। আবশ্যকীয় সনদ ও কাগজপত্র ৮৯
৫। অংগীভূতির মেয়াদকাল ৯০
৭। ব্যাটালিয়ান আনসারদের দায়িত্ব ও কর্তব্য ৯০
৮। পোষাক পরিচ্ছদ ৯০
৯। ক্যাপ ব্যাজ ও উহার ব্যবহার ৯০
১০। র‍্যাংকের ব্যাজ ৯১
১১। পদত্যাগ ৯১
১২। ব্যাটালিয়ান আনসারদের শপথনামা ৯১
১৩। অ-অঙ্গীভূতকরণ ৯২
১৪। সংক্ষিপ্ত বা বিশেষ আদালতের কার্য পদ্ধতি ৯২
১৫। কৌশুলী নিয়োগ নিষিদ্ধ ৯২
১৬। প্রসিকিউটিং অফিসার নিয়োগ ৯৩
১৭। অভিযোগ স্বীকার ৯৩
১৮। অভিযোগ অস্বীকার ৯৩
১৯। জেরা ৯৩

২০। সাক্ষীর সংখ্যা ৯৩
২১। হলফনামা পাঠ ৯৩
২২। সাক্ষীর জবানবন্দী ও জেরা লিপিবদ্ধকরণ ৯৩
২৩। আদালত কর্তৃক সাক্ষী তলবকরণ ৯৪
২৪। মূলতবি নিষিদ্ধ ৯৪
২৫। যুক্তিতর্ক প্রবণ ৯৪
২৬। রায় প্রদানের সময়সীমা ৯৪
২৭। রায় লিখন ৯৪
২৮। রায় প্রদান পদ্ধতি ৯৫
২৯। রায় ঘোষণা ৯৫
৩০। সীলমোহর ৯৫
৩১। সভাপতি ও সদস্য নিয়োগের অযোগ্যতা ৯৫
৩২। নথীপত্র প্রেরণ ৯৫
৩৩। কারাগারে প্রেরণ ৯৫
৩৪। সভাপতি বা সদস্যদের অনুপস্থিতি ৯৫
৩৫। আদেশ পত্র ৯৫
৬। সভাপতি ও সদস্যদের শপথনামা ৯৫
৩৭। Evidence Act, 1872 (Act 1 of 1872) এর প্রয়োগ ৯৬
৩৮। আদালত অবমাননা ৯৬

## অংগীভূত ব্যাটালিয়ান (স্থায়ীকরণ) বিধিমালা, ২০০১

১। বিধিমালার নাম ৯৯
২। সংজ্ঞা ৯৯
৩। স্থায়ীকরণ ১০০
৪। বাছাই কমিটি ১০০
৫। বেতন-ভাতাদি ১০১
৬। চাকুরীর অন্যান্য শর্তাবলী ১০১
৭। কতিপয় ক্ষেত্রে স্থায়ীকরণপূর্ব চাকুরীকাল গণনা ১০১

## আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬

১. ভূমিকা ঃ ১০২
২। সংজ্ঞা ঃ ১০২
ব্যক্তি পর্যায়ে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান
৩. সাধারণ যোগ্যতা ঃ- ১০৩
৪. সর্বোচ্চ লাইসেন্স ও আগ্নেয়াস্ত্রের সংখ্যা ঃ ১০৪
৫. অযোগ্যতা ঃ ১০৪

৬. আবেদনের স্থান ঃ ১০৫
৭. কার্যক্রম ঃ ১০৫
৮. ইস্যুকারী কর্তৃপক্ষঃ ১০৫
৯.ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান ১০৬
১০. ব্যাংক শাখা বা আর্থিক প্রতিষ্ঠানের শ্রেণি ও আগ্নেয়াস্ত্রের সীমা ঃ ১০৬
১১. সাধারণ যোগ্যতা ও আবেদনকারীর কার্যক্রম ঃ ১০৭
১২. ইস্যুকারী কর্তৃপক্ষের কার্যক্রম ঃ ১০৭

**প্রতিষ্ঠান পর্যায়ে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান**

১৩. সাধারণ যোগ্যতা : ১০৮
১৪. প্রতিষ্ঠানের আগ্নেয়াস্ত্রের সীমা : ১০৮
১৫. আবেদনকারীর কার্যক্রম ও আবেদনের স্থান ঃ ১০৯
১৬. ইস্যুকারী কর্তৃপক্ষের কার্যক্রম ঃ ১০৯

**সকল পর্যায়ে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স এর ক্ষেত্রে প্রযোজ্য সাধারণ বিষয়সমূহ**

১৭. লাইসেন্স বিষয়ে আবেদনকারীর জ্ঞাতব্য ঃ ১১০
১৮. অস্ত্র লাইসেন্সে লিপিবদ্ধ করা ঃ ১১০
১৯. ডুপ্লিকেট লাইসেন্স প্রদান / লাইসেন্স বাতিল / পরিবর্তন সংক্রান্ত ঃ ১১০
২০. লাইসেন্স বাতিল হলে আগ্নেয়াস্ত্র বিষয়ে কার্যক্রম ঃ ১১১
২১. অকেজো ও মেরামত অযোগ্য আগ্নেয়াস্ত্রের বিষয়ে কার্যক্রম ঃ ১১১
২২. লাইসেন্স এর ধরণ/আগ্নেয়াস্ত্র পরিবর্তন ঃ ১১১
২৩. ওয়ারিশ সূত্রে আগ্নেয়াস্ত্র প্রাপ্তির ক্ষেত্রে ঃ ১১২
২৪. ঠিকানা পরিবর্তন ঃ ১১৩
২৫. আগ্নেয়াস্ত্র বহন/ব্যবহার ঃ ১১৩
২৬. ডিলিং লাইসেন্স :- ১১৪
২৭. অস্ত্র ও গোলাবারুদ আমদানি ঃ- ১১৪
২৮. অস্ত্র ক্রয়-বিক্রয় ও মেরামত ঃ ১১৫
২৯. গোলাবারুদ ক্রয়-বিক্রয় ঃ ১১৬
৩০. লাইসেন্স ও নবায়ন ফি : ১১৭
৩১. নবায়ন বিষয়ক বিধান ঃ ১১৮
৩২. বিশেষ প্রাধিকার : ১১৮
৩৩. আগ্নেয়াস্ত্র এর নিরাপত্তা : ১১৯
৩৪. পরিদর্শন ঃ ১১৯
৩৫. আগ্নেয়াস্ত্র লাইসেন্স বাতিল বা বাজেয়াপ্তকৃত অস্ত্র সম্পর্কিত বিধান ১২০
৩৬. পরিবর্তন/ পরিবর্ধন ১২০

আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর কতিপয় উপানুচ্ছেদ সংশোধন/পরিবর্তন পরিবর্ধন/সংযোজন সংক্রান্ত (১৮/১২/২০১৬) ১৩৪

# মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রিগণের রাষ্ট্রীয়/সরকারি কাজে বিদেশে গমন ও দেশে প্রত্যাগমনের সময় বিমানবন্দরে এবং দেশের অভ্যন্তরে সফরকালে অনুসরণীয় রাষ্ট্রাচার (Protocol) সংক্রান্ত নির্দেশাবলি (১৮ এপ্রিল ২০১৮) ১৩৬

# বিভাগীয় বাসা/রেস্ট হাউজে অবস্থান সংক্রান্ত নীতিমালা-২০২২ (২৫/১০/২০২২) ১৪১

# কল্যাণ তহবিল থেকে চিকিৎসার জন্য অর্থ মঞ্জুরী নীতিমালা (১১/০৭/২০১৭) ১৪৫

# চাকরি বেতন (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ ১৪৯

# সরকারি চাকরি আইন, ২০১৮ ১৭৩

# সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ ২০৬

# সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ ২০৯

# সরকারী কর্মচারী আচরণ বিধি ১৯৭৯ ২২৯

# নির্যাতন এবং হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন, ২০১৩ ২৩৬

# পিতা-মাতার ভরণ-পোষণ আইন, ২০১৩ ২৪৪

# যৌতুক নিরোধ আইন, ২০১৮ ২৫২৪৭

# বাল্য বিবাহ নিরোধ আইন, ২০১৮ ২৫০

# আনসার ব্যাটালিয়ন আইন, ২০২৩

(২০২৩ সনের ৬৫ নং আইন)

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৮ কার্তিক, ১৪৩০/১৩ নভেম্বর, ২০২৩

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৮ কার্তিক, ১৪৩০ মোতাবেক ১৩ নভেম্বর, ২০২৩ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

**ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ রহিতপূর্বক যুগোপযোগী করিয়া উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু বাংলাদেশের অভ্যন্তরীণ জননিরাপত্তা, আইন শৃঙ্খলা রক্ষা, আর্থ-সামাজিক উন্নয়ন ও দুর্যোগ মোকাবিলায় সহায়তাকরণসহ এতদ্‌সংশ্লিষ্ট কার্যাবলি সম্পাদনে আনসার ব্যাটালিয়নকে আরও দক্ষ করিবার উদ্দেশ্যে ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন) রহিতপূর্বক যুগোপযোগী করিয়া উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন আনসার ব্যাটালিয়ন আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—

(ক) **"অধিনায়ক (Commanding Officer)"** অর্থ এইরূপ কোনো ব্যাটালিয়ন সদস্য যিনি একটি ব্যাটালিয়ন কমান্ড করেন;

(খ) **"আনসার ব্যাটালিয়ন"** অর্থ ধারা ৪ এর উপধারা (১) এ উল্লিখিত আনসার ব্যাটালিয়ন;

(গ) **"উপ-অধিনায়ক"** অর্থ এইরূপ কোনো ব্যাটালিয়ন সদস্য যিনি অধিনায়কের সহকারী হিসাবে কর্ম সম্পাদন করেন এবং উক্ত অধিনায়কের অনুপস্থিতিতে তাহার দায়িত্ব প্রতিপালন করেন;

(ঘ) **"কর্তৃপক্ষ"** অর্থ সরকার, মহাপরিচালক এবং এই আইনের অধীন ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো ব্যক্তি ;

(ঙ) **"কোম্পানি অধিনায়ক"** অর্থ এইরূপ কোনো ব্যাটালিয়ন সদস্য যিনি কোনো কোম্পানি কমান্ড করেন অথবা উহার দায়িত্বে নিয়োজিত থাকেন;

(চ) **"কোম্পানি"** অর্থ কতিপয় সশস্ত্র প্লাটুন সমন্বয়ে গঠিত কোনো কোম্পানি;

(ছ) **"কোম্পানি উপ-অধিনায়ক"** অর্থ এইরূপ কোনো ব্যাটালিয়ন সদস্য যিনি কোনো কোম্পানি অধিনায়কের সহকারী হিসাবে কর্ম সম্পাদন করেন বা উক্ত উপ-অধিনায়কের অনুপস্থিতিতে তাহার দায়িত্ব প্রতিপালন করেন;

(জ) **"তফশিল"** অর্থ এই আইনের কোনো তপশিল;

(ঝ) **"ধারা"** অর্থ এই আইনের কোনো ধারা;

(ঞ) **"নির্ধারিত"** অর্থ বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত;

(ট) **"প্লাটুন"** অর্থ কতিপয় সশস্ত্র সেকশন সমন্বয়ে গঠিত কোনো প্লাটুন;

(ঠ) **"বিদ্রোহ"** অর্থ আনসার ব্যাটালিয়নের ২(দুই) বা ততোধিক সদস্য কর্তৃক সম্মিলিতভাবে শৃঙ্খলা বাহিনীর কোনো কর্তৃপক্ষের আইনানুগ আদেশ অমান্য করা বা কর্তৃপক্ষের কর্তৃত্বকে চ্যালেঞ্জ, প্রতিহত বা উৎখাত করা বা উক্তরূপ কার্যকরণের কোনো প্রচেষ্টা গ্রহণ করা;

(ড) "ব্যাটালিয়ন সদস্য" অর্থ আনসার ব্যাটালিয়নে কর্মরত সকল পোশাকধারী ও পোশাক বহির্ভূত ব্যাটালিয়ন সদস্য;

(ঢ) "ব্যাটালিয়ন" অর্থ কতিপয় সশস্ত্র কোম্পানির সমন্বয়ে গঠিত ব্যাটালিয়ন;

(ণ) "মহাপরিচালক" অর্থ আনসার ব্যাটালিয়নের মহাপরিচালক;

(ত) "শৃঙ্খলা বাহিনী" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে যেই অর্থে শৃঙ্খলা বাহিনী ব্যাখ্যা করা হইয়াছে সেই অর্থে শৃঙ্খলা বাহিনী; এবং

(থ) "সেকশন" অর্থ ব্যাটালিয়নের সশস্ত্র ক্ষুদ্র কোনো দলের সমন্বয়ে গঠিত সেকশন।

৩। **আইনের প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলি প্রাধান্য পাইবে।

৪। **আনসার ব্যাটালিয়ন গঠন।**—(১) ব্যাটালিয়ন আনসার আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৪ নং আইন) এর অধীন গঠিত ব্যাটালিয়ন আনসার, আনসার ব্যাটালিয়ন নামে অভিহিত হইবে এবং উহা এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন গঠিত হইয়াছে।

(২) আনসার ব্যাটালিয়ন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদের অধীন প্রদত্ত শৃঙ্খলা বাহিনী এর ব্যাখ্যা অনুযায়ী একটি শৃঙ্খলা বাহিনী হইবে।

(৩) আনসার ব্যাটালিয়নের নির্ধারিত প্রতীক (লোগো) এবং পতাকা থাকিবে।

৫। **আনসার ব্যাটালিয়ন সদর দপ্তর ও দপ্তর।**—ঢাকায় আনসার ব্যাটালিয়নের একটি সদর দপ্তর থাকিবে এবং বিভাগীয় শহরে বা অন্য কোনো জেলায় রেঞ্জ সদর দপ্তর থাকিবে এবং প্রয়োজনে যে কোনো স্থানে আনসার ব্যাটালিয়নের দপ্তর স্থাপন করা যাইবে।

৬। **আনসার ব্যাটালিয়নের নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান ও পরিচালনা।**—(১) আনসার ব্যাটালিয়ন সরকারের সার্বিক নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে থাকিবে।

(২) মহাপরিচালক আনসার ব্যাটালিয়নের সুষ্ঠু পরিচালনা ও নিয়ন্ত্রণের উদ্দেশ্যে এই আইন, বিধি, প্রবিধান এবং সরকার কর্তৃক, সময় সময়, জারিকৃত নির্দেশনা সাপেক্ষে প্রয়োজনীয় আদেশ জারি করিতে পারিবেন।

৭। **আনসার ব্যাটালিয়নের দায়িত্ব ও কার্যাবলি।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে আনসার ব্যাটালিয়নের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) জননিরাপত্তামূলক কোনো কাজে সরকার বা সরকারের অনুমোদনক্রমে সরকারি কোনো কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী দায়িত্ব সম্পাদনে সহায়তা;

(খ) দুর্যোগ মোকাবিলায় ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে সরকার কর্তৃক নির্দেশিত জনকল্যাণমূলক কার্যে অংশগ্রহণ;

(গ) সরকারের নির্দেশে যে কোনো প্রতিষ্ঠান ও স্থাপনার নিরাপত্তা প্রদানে সহায়তা;

(ঘ) সরকারের নির্দেশে গুরুত্বপূর্ণ ব্যক্তির নিরাপত্তা প্রদানে সহায়তা;

(ঙ) উপরিউক্ত বিধানের সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, সরকারের নির্দেশনা অনুযায়ী, নিম্নবর্ণিত বাহিনীসমূহকে সহায়তা প্রদান, যথা:—

(অ) বাংলাদেশ সেনাবাহিনী;

(আ) বাংলাদেশ নৌবাহিনী;

(ই) বাংলাদেশ বিমান-বাহিনী;

(ঈ) বর্ডার গার্ড বাংলাদেশ; ও

(উ) বাংলাদেশ পুলিশ;

(চ) সরকার কর্তৃক, সময় সময়, অর্পিত অন্য যে কোনো দায়িত্ব সম্পাদন।

৮। **ব্যাটালিয়ন সদস্যের এখতিয়ার ও ক্ষমতা।**—ধারা ৭ এ উল্লিখিত কার্যাবলি সম্পাদনকালে, কোনো ব্যাটালিয়ন সদস্য তাহার সম্মুখে সংঘটিত অপরাধের ক্ষেত্রে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(ক) কোনো সংগঠনের সদস্য হইতে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উহার সহিত কোনো প্রকার সংশ্লিষ্টতা রাখিতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, পেশাগত দক্ষতা বৃদ্ধি বা আনসার ব্যাটালিয়নের স্বার্থে পেশাজীবী সংঘ বা সংগঠনের সদস্য হইতে পারিবেন;

(খ) যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো ইলেকট্রনিক মিডিয়া ও সংবাদপত্রে কোনো প্রকার তথ্য অথবা অন্য প্রকার দলিল প্রকাশ বা প্রকাশে সহযোগিতা করিতে পারিবেন না বা প্রকাশ করিবার কারণ হইবেন না; বা

(গ) সরকার বা, প্রযোজ্য ক্ষেত্রে, মহাপরিচালকের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকে কোনো ব্যবসার সহিত জড়িত হইতে পারিবেন না।

**১৫। শৃঙ্খলা ও আচরণ।**—(১) সরকার, আনসার ব্যাটালিয়নের শৃঙ্খলা ও আচরণ সম্পর্কিত বিষয়ে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে

তবে শর্ত থাকে যে, শৃঙ্খলা ও আচরণ সংক্রান্ত কোনো বিধি প্রণীত না হওয়া পর্যন্ত, উক্ত বিষয়ে সরকারি কর্মচারীর জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

(২) মহাপরিচালক এই আইন, বিধি, প্রবিধান ও সরকারের নির্দেশনা সাপেক্ষে, যদি থাকে, ব্যাটালিয়ন সদস্যের জন্য শৃঙ্খলা ও আচরণ সম্পর্কিত নির্দেশাবলি জারি করিতে পারিবেন।

**১৬। বিভাগীয় কার্যধারা।**—(১) ব্যাটালিয়ন সদস্য কর্তৃক নিম্নবর্ণিত কোনো আচরণ সংঘটিত হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা রুজু করা যাইবে, যথা:-

(ক) শৃঙ্খলা পরিপন্থি আচরণ বা অসদাচরণ করা;

(খ) পদমর্যাদার সহিত সামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ কোনো আচরণ করা;

(গ) কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকা;

(ঘ) যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে প্যারেডে অনুপস্থিত থাকা;

(ঙ) অর্পিত দায়িত্ব পালনে অনিহা প্রদর্শন বা অবহেলা বা ছলনা করা;

(চ) উৎকোচ গ্রহণ বা অন্য কোনো সদস্যের উৎকোচ গ্রহণের বিষয়ে জ্ঞাত হওয়া সত্ত্বেও যথাযথ কর্তৃপক্ষকে অবহিত না করা;

(ছ) সরকারি সম্পত্তি বিনষ্ট করা বা ব্যক্তিগত স্বার্থে সরকারি সম্পত্তির ব্যবহার বা সরকারি দলিল জাল বা গোপন করা;

(জ) সরকারি বা ব্যাটালিয়ন সদস্যের সম্পত্তি চুরি, অসাধুভাবে আত্মসাৎ অথবা অপরাধমূলক বিশ্বাসভঙ্গ করা;

(ঝ) চোরাই সম্পত্তি জ্ঞাতসারে বা উহা চোরাই সম্পত্তি বলিয়া বিশ্বাস করিবার যথেষ্ট কারণ থাকা সত্ত্বেও অসাধু বা প্রতারণামূলকভাবে উহা গ্রহণ করা বা নিজের তত্ত্বাবধানে রাখা;

(ঞ) প্রতারণার উদ্দেশ্যে অথবা কোনো ব্যক্তিকে অবৈধভাবে লাভবান বা ক্ষতিগ্রস্ত করিবার উদ্দেশ্যে কোনো কার্য সম্পাদন বা বিচ্যুতি সংঘটন করা;

(ট) জরুরি বা আর্থিক বিষয়ে দালিলিক কোনো গুরুত্বপূর্ণ তথ্য গোপন অথবা প্রতারণামূলক তথ্য প্রদান অথবা জালিয়াতিকরণ অথবা কোনো বিচ্যুতি সংঘটন করা;

(ঠ) চাকুরিতে নিয়োগের জন্য মিথ্যা তথ্য প্রদান করা;

(ড) চাকুরির শর্তানুযায়ী গৃহীত শপথ ভঙ্গ করা;

(ঢ) দাপ্তরিক কোনো বিষয়ে জ্ঞাত থাকা সত্ত্বেও তৎসম্পর্কে মিথ্যা তথ্য প্রদান করা;

(ণ) কোনো ব্যাটালিয়ন সদস্যকে স্বেচ্ছায় আঘাতকরণ (voluntarily causing hurt) অথবা তাহাকে আক্রমণ (assult), বল প্রয়োগ, অপরাধজনক বল প্রয়োগ (criminal force) বা অশালীন আচরণ করা; বা

(ত) ধারা ১৪ এ উল্লিখিত সীমাবদ্ধতা এবং ধারা ১৫ এ উল্লিখিত শৃঙ্খলা ও আচরণ সম্পর্কিত কোনো বিষয় লঙ্ঘন করা।